




জগন্নাথ বিশ্ববিদ্যালয়  
Jagannath University

প্রধানমন্ত্রীর সফরসঙ্গী হিসেবে উপাচার্যের ভারত ভ্রমণ



আগামী ২৫-২৬ মে মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা ভারতে সরকারি সফর করবেন। উক্ত সফরের সঙ্গী হিসেবে জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মীজানুর রহমান ২৪-২৬ মে ভারতে অবস্থান করবেন। এছাড়াও উক্ত সফরে আরো থাকবেন বাগেরহাট-১ আসনের সাংসদ শেখ হেলাল উদ্দিন, ইমেরিটাস অধ্যাপক ড. আনিসুজ্জামান, ইমেরিটাস অধ্যাপক ড. রফিকুল ইসলাম, বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশনের চেয়ারম্যান অধ্যাপক আব্দুল মান্নান, ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মোঃ আখতারুজ্জামান, জাতীয় বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. হারুন-অর-রশীদ, বাংলাদেশ জাতীয় জাদুঘর বোর্ড অব ট্রাস্টিজ-এর সভাপতি শিল্পী হাশেম খান, বাংলাদেশ জাতীয় জাদুঘর বোর্ড অব ট্রাস্টিজ-এর সদস্য অধ্যাপক ড. সৈয়দ মনজুরুল ইসলাম প্রমুখ। উল্লেখ্য, বিশ্বভারতী শান্তি নিকেতনের ‘বাংলাদেশ ভবন’-এর উদ্বোধনী অনুষ্ঠানে যোগ দিতে মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা ও তাঁর সফরসঙ্গীগণ ভারতে যাচ্ছেন। এছাড়াও আসানসোলে অবস্থিত কাজী নজরুল বিশ্ববিদ্যালয়-এর বিশেষ সমাবর্তনে বাংলাদেশের মাননীয় প্রধানমন্ত্রী-কে সম্মানসূচক ‘ডিলিট ডিগ্রী’ প্রদান করবে